গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধান উপদেষ্টার কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.ngoab.gov.bd

স্মারক নং--০৩.০৭.২৬৬৬.৫৬.০৭৯.২৪- ৮৮৬

২৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: নির্বাচনকালীন রোহিঙ্গা ক্যাম্পের নিরাপত্তা ও নির্বাচনী কর্মকান্ডে রোহিঙ্গাদের বিরত রাখা।

সূত্রঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৭.০১.২০২৬ তারিখের স্মারক নং- ৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০২৫-৭৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষ্যে গত ৬-৭ জানুয়ারি ২০২৬ তারিখে নির্বাচনে অংশগ্রহণকারী বিভিন্ন রাজনৈতিক দল এবং নির্বাচন সংশ্লিষ্ট পক্ষগুলির সাথে সরকারের একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অন্যান্য বিষয়ের পাশাপাশি বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী রোহিঙ্গাদের বিষয় উত্থাপিত হয় এবং বেশ কিছু সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তসমুহের মধ্যে এনজিও বিষয়ক ব্যুরো ও INGO/UN সংশ্লিষ্ট সংস্থাসমূহ সম্পর্কে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ঞ) INGO/UN সংস্থাসমূহে কর্মরত বিদেশিদের সতর্কতার সাথে চলাচল ও দুর্গম এলাকা পরিদর্শনে নিরুৎসাহিত করা।

০২। এমতাবস্থায়, অত্র ব্যুরোতে নিবন্ধিত সকল NGO / INGO সমূহকে উল্লিখিত সিদ্ধান্তের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।

08/02/2026

(সিরাজুল ইসলাম খান)
এসাইনমেন্ট অফিসার-৫
ও
সহকারী পরিচালক-২ (ভারপ্রাপ্ত)
(সিনিয়র সহকারী সচিব)
ফোনঃ ৫৫০০৭০৯৫

নির্বাহী পরিচালক/ নির্বাহী প্রধান/ কান্ট্রি ডিরেক্টর
এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত
সকল দেশি/বিদেশি এনজিও

অনুলিপি সদয় অবগতির জন্য

০১. সহকারী প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা (পত্রটি সংযুক্তিসহ ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

০২.. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৩. অফিস কপি।

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক-৬ শাখা
www.moha.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০২৫-৭৬

তারিখ: ১৩ ২৬ মাঘ ১৪৩২
২৭ জানুয়ারি ২০২৬

বিষয়: নির্বাচনকালীন রোহিঙ্গা ক্যাম্পের নিরাপত্তা ও নির্বাচনি কর্মকান্ডে রোহিঙ্গাদের বিরত রাখা

সূত্র: প্রধান উপদেষ্টার কার্যালয়ের ১৮/০১/২০২৬ তারিখের ০৬.০০.০০০০.০০২.০৫.০০১.২৬/৭৬ নম্বর স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৬-০৭ জানুয়ারি ২০২৬ তারিখে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠু ও নিরপেক্ষ করার বিষয়ে নির্বাচনে অংশগ্রহণকারী বিভিন্ন দল এবং নির্বাচন সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষের সাথে অনুষ্ঠিত মত বিনিময় সভায় নিম্নোক্ত বিষয়াদি উত্থাপিত হয়:

(ক) রোহিঙ্গা ক্যাম্পে বিভিন্ন সশস্ত্র দলের ও অবৈধ অস্ত্রের উপস্থিতি রয়েছে। এদের মধ্য থেকে কোন ব্যক্তি/গ্রুপকে নির্বাচনকালীন স্বার্থান্বেষী মহল কক্সবাজার বা দেশের অন্যান্য স্থানে নাশকতামূলক কর্মকান্ডে ব্যবহার করতে পারে;

(খ) রোহিঙ্গা ক্যাম্পের অনেকেই বিভিন্ন সময়ে অবৈধভাবে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে। এ সকল অবৈধ ভোটার নির্বাচনে ভোট প্রদানের অংশগ্রহণের চেষ্টা করতে পারে; এবং

(গ) রোহিঙ্গারা নির্বাচন সম্পৃক্ত রাজনৈতিক কর্মকান্ডে (মিছিল, মিটিং, গণসংযোগ ইত্যাদি) যোগদান করতে পারে।

০২। বর্ণিতাবস্থায়, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ কালীন রোহিঙ্গা ক্যাম্পের নিরাপত্তা নিশ্চিতকরণ, রোহিঙ্গাদের নাশকতা পরিচালনা ও নির্বাচনে রোহিঙ্গাদের দ্বারা বিশৃঙ্খলা সৃষ্টির প্রচেষ্টা রোধকল্পে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) রোহিঙ্গাদের কোন ধরনের নির্বাচন সংশ্লিষ্ট কর্মকান্ডে সম্পৃক্ত না করার বিষয়ে সকল রাজনৈতিক দলগুলিকে নির্বাচন কমিশনের মাধ্যমে বার্তা প্রদান করা। এ ধরনের কোন কর্মকান্ডে লিপ্ত হলে তা নির্বাচনি আচরণবিধির গুরুতর লঙ্ঘন হিসাবে বিবেচিত মর্মে রাজনৈতিক দলকে সতর্ক করা;

(খ) রোহিঙ্গা ক্যাম্পে ও আশেপাশের এলাকায় নির্বাচনের পূর্বে অবৈধ অস্ত্র উদ্ধারে যৌথ অভিযান পরিচালনা করা;

(গ) নির্বাচনের ৭ দিন পূর্বে ক্যাম্পসমূহ হতে নিকটবর্তী নির্বাচন কেন্দ্রের পথে বিভিন্ন স্থানে চেক পোষ্ট স্থাপন করে রোহিঙ্গাদের ভোট প্রদানে নিবৃত করা;

(ঘ) নির্বাচনে অংশগ্রহণ রোধে নির্বাচনের ৭দিন পূর্ব হতে কক্সবাজার শহর এবং রোহিঙ্গা ক্যাম্পের বাইরে আশেপাশের এলাকায় রোহিঙ্গাদের আটকের উদ্যোগ নেওয়া;

(ঙ) ক্যাম্পে পদায়িত সিআইসিদের নির্বাচনকালীন ক্যাম্পের বাইরে কোন ডিউটিতে নিয়োগ না করা এবং নির্বাচনের ৭ দিন পূর্ব হতে সার্বক্ষণিক (২৪/৭) ক্যাম্পে উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করা;

(চ) রোহিঙ্গা ক্যাম্পে নিয়োজিত ৩টি এপিবিএন ব্যাটালিয়ন (৮, ১৪ ও ১৬) এর কোন সদস্যকে নির্বাচনকালীন ক্যাম্পের বাইরে কোন দায়িত্বে নিয়োগ না করা। তাদের ক্যাম্পের নিরাপত্তা নিশ্চিতে অধিকসংখ্যক টহল পরিচালনা ও চেকপোষ্ট স্থাপনের কাজে নিয়োগ করা;

(ছ) রোহিঙ্গা ক্যাম্পের সীমানা প্রাচীর ও সিসি ক্যামেরা মেরামতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নিশ্চিত করত কার্যকর করা;

(জ) গিয়াস বাহিনীসহ টেকনাফ কেন্দ্রিক বিভিন্ন ডাকাত দলের কার্যক্রম নিয়ন্ত্রণের উদ্যোগ গ্রহণ করা;

(ঝ) রোহিঙ্গা ক্যাম্পে বিদেশিদের অবাধ গমন নিয়ন্ত্রণ করা; এবং

(ঞ) INGO/UN সংস্থাসমূহে কর্মরত বিদেশিদের সতর্কতার সাথে চলাচল ও দুর্গম এলাকা পরিদর্শনে নিরুৎসাহিত করা।

সংযুক্তি: বর্ণনামতে- ০১ (এক) পাতা

29/1/2026

(মোঃ আনোয়ার পারভেজ)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৪৫১৭
ই-মেইল: political6@moha.gov.bd

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা;
২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা;
৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা;
৪। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা;
৫। রিটার্নিং অফিসার, কক্সবাজার;
৬। পুলিশ সুপার, কক্সবাজার;
৭। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার (অতিরিক্ত সচিব), মোটেল রোড, কক্সবাজার।

স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০২৫-৭৬/৯

তারিখ: ~~১১~~ ১৬ মাঘ ১৪৩২
২৯ জানুয়ারি ২০২৬

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
২। অতিরিক্ত সচিব (রাজনৈতিক অনুবিভাগ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

29/1/2026

(মোঃ আনোয়ার পারভেজ)
উপসচিব